



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-২৯৮৬/৬

তারিখ: ১১/০৯/২০২২খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১১.৪ এবং ১১.৫ নং অনুচ্ছেদ অনুযায়ী বেসরকারি কলেজের কর্মরত প্রভাষক থেকে জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষে প্রতিনিধি মনোনয়নের ক্ষমতাপর্ন।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭(অংশ-১).১৪৯; তারিখ: ২৭/০৬/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে শিক্ষা মন্ত্রণালয় থেকে নিম্নোক্ত কমিটি গঠন করা হয়েছে:

১. জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলা,----- আহ্বায়ক।
২. অতিরিক্ত জেলা প্রশাসক, আইসিটি ও শিক্ষা, সংশ্লিষ্ট জেলা,----- সদস্য।
৩. পরিচালক, সংশ্লিষ্ট অঞ্চল/প্রতিনিধি,----- সদস্য।
৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি,----- সদস্য।
৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ,----- সদস্য।
৬. উপপরিচালক (কলেজ), সংশ্লিষ্ট অঞ্চল,----- সদস্য।
৭. জেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট জেলা,----- সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি:

- (ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী কমিটি বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকদের জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদানের সুপারিশ করবেন;
- (খ) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে কমিটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী ০৯টি মূল্যায়নের সূচক মানদণ্ড যথাযথভাবে অনুসরণ করবেন এ বিষয়ে বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ প্রজ্ঞাপন পরিপত্র অনুসরণ করতে হবে।
- (গ) প্রতিষ্ঠান প্রধানগণ কমিটির আহ্বায়ক বরাবর পদোন্নতির প্রস্তাব প্রেরণ করবেন;

উক্ত কমিটিতে ৪ নং সদস্য সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি এবং ৫ নং সদস্য বেসরকারি কলেজের অধ্যক্ষ মনোনয়নের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর পক্ষে ০৯ টি আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের পরিচালকবৃন্দকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায় ০৯ টি আঞ্চলিক কার্যালয়, মাউশি এর প্রত্যেক পরিচালক তাঁদের স্ব-স্ব অঞ্চলের আওতাধীন জেলা সমূহের প্রত্যেক জেলা থেকে উল্লিখিত ০২ জন সদস্য মনোনয়ন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রদান করবেন এবং মনোনয়ন তালিকার কপি ১৮/০৯/২০২২খ্রি. তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা- কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিতরণ:
পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। জেলা শিক্ষা অফিসার (সকল)।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৬। সংরক্ষণ নথি।

11.09.2022
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন নং-০২২২৩৩৮৩৪৩৯